REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 17-11-2026
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM-Philippines :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভারত-আসিয়ান শীর্ষ সম্মেলন এবং পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করতে দুই দিনের সফরে গতকাল ফিলিপাইন্সের ম্যানিলায় পৌঁছেছেন। বিমানবন্দরে ঐতিহ্যবাহী ফিলিপিনো নৃত্য পরিবেশনার মাধ্যমে তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। প্রধানমন্ত্রী মোদী আজ ভারত-আসিয়ান শীর্ষ সম্মেলন এবং পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করবেন এবং আসিয়ান ও অন্যান্য অংশগ্রহণকারী দেশগুলোর নেতাদের সঙ্গে মতবিনিময় করবেন। আসিয়ান-ভারত শীর্ষ সম্মেলন 'আসিয়ান-ভারত কর্মপরিকল্পনা ২০২৬ থেকে ২০৩০' সহ সমন্বিত কৌশলগত অংশীদারিত্ব বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করবে এবং সহযোগিতার ভবিষ্যৎ দিকনির্দেশনা নির্ধারণ করবে।

****

Quad Meeting :

যুক্তরাষ্ট্র, ভারত, অস্ট্রেলিয়া ও জাপানকে নিয়ে গঠিত কোয়াড জোটের নেতাদের একটি বৈঠক আজ ম্যানিলায় আসিয়ান সম্মেলনের ফাঁকে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। হোয়াইট হাউসের সহকারী প্রেস সচিব জানিয়েছেন, নেতারা ইন্দো-প্যাসিফিক অঞ্চলজুড়ে শান্তি, সমৃদ্ধি ও নিরাপত্তা প্রসারে অভিন্ন স্বার্থ নিয়ে আলোচনা করবেন। আসন্ন বৈঠকটি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বর্তমান মেয়াদে কোয়াড নেতাদের প্রথম সমাবেশ হবে।

****

Election-Central Force :

রাজ্যের আসন্ন পুর নির্বাচন নির্বিঘ্নে সম্পন্ন করার লক্ষ্যে রাজ্যে ২ হাজারেরও বেশি কেন্দ্রীয় নিরাপত্তা কর্মী মোতায়েন করা হবে। সরকারী সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে ২৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী চেয়েছিল রাজ্য নির্বাচন কমিশন। এর মধ্যে ১৪ কোম্পানি বাহিনী রাজ্যের বিভিন্ন জেলায় মোতায়েন করা হয়েছে। বাকি জওয়ানরাও শীঘ্রই রাজ্যে এসে পৌঁছবেন বলে আশা করা হচ্ছে। এদিকে, রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন জানিয়েছেন, ভোট কর্মী ও ভোটের কাজে নিয়োজিত অন্যান্য কর্মীদের ইলেকশন ডিউটি ভোট আগামী ২১ ও ২২শে নভেম্বর গ্রহণ করা হবে।

****

School Science Drama :

বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদের উদ্যোগে গতকাল আগরতলায় মাতঙ্গিনী প্রীতিলতা অডিটোরিয়ামে বিদ্যালয় স্তরে রাজ্যভিত্তিক বিজ্ঞান নাটক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। জেলাস্তরে বিজয়ী মোট ৮টি দল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশান প্রথম স্থান অধিকার করে। বিজয়ী দলটি উত্তর পূর্বাঞ্চলীয় বিজ্ঞান নাটক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

****

Unity Promo Fest- Jampui :

আগামী ১৮ই ডিসেম্বর জম্পুই হিলে অনুষ্ঠিত হতে চলেছে 'ইউনিটি প্রমো ফেস্ট ২০২৬'। এই উৎসবে রাজ্যের বাইরের শিল্পীদের পাশাপাশি কাঞ্চনপুর মহকুমার বিভিন্ন জাতি ও জনজাতি গোষ্ঠীর শিল্পীরাও অংশগ্রহণ করবেন। উৎসবের প্রস্তুতি খতিয়ে দেখতে গতকাল কাঞ্চনপুর রেভিনিউ ডাকবাংলোতে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কাঞ্চনপুরের মহকুমা শাসক শুভম থিতে। উৎসবের সফল আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট

সব দপ্তরকে পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করা হয়।

****

Census Workshop-South :

জনগণনা ২০২৭-র দ্বিতীয় পর্যায় জনসংখ্যা গণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গতকাল থেকে দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে শুরু হয়েছে জনগণনা কর্মীদের দুইদিনের জেলাস্তরের প্রশিক্ষণ কর্মসূচী। জেলা শাসকের কার্যালয়ে এই প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি। তিনি জানান, জনগণনা কর্মীদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান, দায়িত্ব ও কার্যপ্রণালী সম্পর্কে অবহিত করা এবং আসন্ন জনগণনা কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়েছে।

****

Biplab Kuma Deb-Khowai :

সাংসদ বিপ্লব কুমার দেব গতকাল খোয়াই নতুন টাউন হলে বিজেপি দলের সাংগঠনিক বৈঠকে মিলিত হন। উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, বিজেপি খোয়াই জেলা কমিটির সভাপতি সমীর কুমার দাস প্রমুখ।

****

Nabard :

নাবার্ড-এর আর্থিক সহায়তায় TDF প্রকল্পের অধীনে গোমতী জেলার শামুকছড়া এডিসি ভিলেজে ৫০টি জনজাতি পরিবারের মধ্যে ছাগল ও শূকরছানা বিতরণ করা হয়। বাগমা এগ্রি প্রডিউসার কোম্পানি লিমিটেডের উদ্যোগে আয়োজিত এই কর্মসূচিতে বিধায়ক জিতেন্দ্র মজুমদার উপস্থিত ছিলেন।

****

Bijay Marchant :

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ ক্রিকেটে ত্রিপুরা ইনিংস ও ১৫৫ রানে বরোদার কাছে পরাজিত হয়েছে। বিজয়ওয়ারার মুলাপাড়ুর মাঠে শেষ দিনে ২ উইকেটে ৫৩ রান থেকে খেলতে নেমে রাজ্যদলের দ্বিতীয় ইনিংস ১৬৩ রানে শেষ হয়ে যায়। এর আগে বরোদার প্রথম ইনিংসের ৪০৭ রানের জবাবে ত্রিপুরা প্রথম ইনিংসে ৮৯ রানে করেছিল।

****

Mustak Ali

সৈয়দ মুস্তাক আলী টি-২০ জাতীয় সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার গ্রুপের দ্বিতীয় খেলায়ও ত্রিপুরা পরাজিত হয়েছে। চন্ডিগড় অনুষ্ঠিত খেলায় পুদুচেরি ৪০ রানে রাজ্য দলকে হারিয়ে দেয়।

****

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। রাজ্যে দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯.১ ডিগ্রি সেলসিয়াস।

****